রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শাখা-৬**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৭ কার্তিক ১৪১৩/২২ অক্টোবর ২০০৬

**এস, আর, ও নং ২৮০-আইন/২০০৬/শ্রকম/শা-৬/নিঃমঃবোর্ড-১/২০০৬।**—Minimum Wages Ordinance, 1961 (Ordinance No. XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "গার্মেন্টস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

**তফসিল**
**'ক' পরিচ্ছেদ**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড-১ ঃ | ৩৮০০.০০ | ১১৪০.০০ | ২০০.০০ | ৫১৪০.০০ |
| ১। প্যাটার্ণ মাস্টার | | | | |
| ২। চীফ কোয়ালিটি কন্ট্রোলার | | | | |
| ৩। চীফ কাটিং মাস্টার/কাটিং চীফ | | | | |
| ৪। চীফ মেকানিক | | | | |


মূল্য ঃ টাকা ৬.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-২ ঃ | ২৮০০.০০ | ৮৪০.০০ | ২০০.০০ | ৩৮৪০.০০ |
| ১। মেকানিক/ইলেকট্রিশিয়ান | | | | |
| ২। কাটিং মাস্টার | | | | |
| গ্রেড-৩ ঃ | ১৭৩০.০০ | ৫১৯.০০ | ২০০.০০ | ২৪৪৯.০০ |
| ১। স্যাম্পল মেশিনিস্ট | | | | |
| ২। মেকানিক | | | | |
| ৩। সিনিয়র সেলাই মেশিন অপারেটর | | | | |
| ৪। সিনিয়র উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৫। সিনিয়র নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৬। সিনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর | | | | |
| ৭। সিনিয়র কাটার | | | | |
| ৮। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর | | | | |
| ৯। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান/সিনিয়র ড্রইং ওম্যান | | | | |
| ১০। সিনিয়র লাইন লিডার | | | | |
| ১১। সিনিয়র ওভারলক মেশিন অপারেটর | | | | |
| ১২। সিনিয়র বাটন মেশিন অপারেটর | | | | |
| ১৩। সিনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর | | | | |
| গ্রেড-৪ ঃ | ১৫৭৭.০০ | ৪৭৩.১০ | ২০০.০০ | ২২৫০.১০ |
| ১। সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। লিঙ্কিং মেশিন অপারেটর | | | | |
| ৫। মার্কার/ড্রইংম্যান/ ড্রইং ওম্যান | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। কাটার | | | | |
| ৭। মেন্ডিং অপারেটর | | | | |
| ৮। প্রেসিংম্যান/প্রেসিং ওম্যান/ ফিনিসিং আয়রণম্যান/ ফিনিসিং আয়রণ ওম্যান | | | | |
| ৯। ফোল্ডার (ফিনিসিং সেকশন) | | | | |
| ১০। প্যাকার | | | | |
| ১১। কোয়ালিটি ইসপেক্টর | | | | |
| ১২। ওভারলক মেশিন অপারেটর | | | | |
| ১৩। বাটন মেশিন অপারেটর | | | | |
| ১৪। কাজ্জাই মেশিন অপারেটর | | | | |
| ১৫। পলিম্যান/পলি ওম্যান | | | | |
| ১৬। প্যাকিং ম্যান/ প্যাকিং ওম্যান | | | | |
| ১৭। লাইন লিডার | | | | |
| গ্রেড-৫ | ১৪২০.০০ | ৪২৬.১০ | ২০০.০০ | ২০৪৬.০০ |
| ১। জুনিয়র সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। জুনিয়র উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। জুনিয়র নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। জুনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর | | | | |
| ৫। জুনিয়র মার্কার/ জুনিয়র ড্রইংম্যান/ জুনিয়র ড্রইং ওম্যান | | | | |
| ৬। জুনিয়র কার্টার | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। জুনিয়র মেন্ডিং অপারেটর | | | | |
| ৮। জুনিয়র প্রেসিংম্যান/ জুনিয়র প্রেসিং ওম্যান/ জুনিয়র ফিনিসিং আয়রণম্যান/ জুনিয়র ফিনিসিং আয়রণ ওম্যান | | | | |
| ৯। ফোল্ডার (ফিনিসিং সেকশন) | | | | |
| ১০। জুনিয়র ইলেকট্রিশিয়ান | | | | |
| ১১। জুনিয়র প্যাকার | | | | |
| ১২। জুনিয়র ওভারলক মেশিন অপারেটর | | | | |
| ১৩। জুনিয়র বাটন মেশিন অপারেটর | | | | |
| ১৪। জুনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর | | | | |
| গ্রেড-৬ | ১২৭০.০০ | ৩৮১.০০ | ২০০.০০ | ১৮৫১.০০ |
| ১। সাধারণ সেলাই মেশিন অপারেটর | | | | |
| ২। সাধারণ উইনডিং মেশিন অপারেটর | | | | |
| ৩। সাধারণ নিটিং মেশিন অপারেটর | | | | |
| ৪। সাধারণ লিঙ্কিং মেশিন অপারেটর | | | | |
| ৫। সাধারণ মেন্ডিং অপারেটর | | | | |
| ৬। সাধারণ ফিউজিং মেশিন অপারেটর | | | | |
| ৭। সাধারণ কলার টার্ণিং মেশিন অপারেটর | | | | |
| ৮। সাধারণ ওভারলক মেশিন অপারেটর | | | | |
| ৯। সাধারণ বাটন মেশিন অপারেটর | | | | |
| ১০। সাধারণ কাঞ্চাই মেশিন অপারেটর | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-৭ | ১১২৫.০০ | ৩৩৭.৫০ | ২০০.০০ | ১৬৬২.৫০ |

১। সহকারী সেলাই মেশিন অপারেটর

২। সহকারী উইনডিং মেশিন অপারেটর

৩। সহকারী নিটিং মেশিন অপারেটর

৪। সহকারী লিঙ্কিং মেশিন অপারেটর

৫। সহকারী মেন্ডিং অপারেটর

৬। সহকারী কটার

৭। সহকারী মার্কার/ সহকারী ড্রইংম্যান/ সহকারী ড্রইং ওম্যান

৮। পকেট ক্রিজিং মেশিন অপারেটর/ ক্রিজিং ম্যান/ ক্রিজিং ওম্যান

৯। লাইন আয়রণম্যান/ লাইন আয়রণ ওম্যান

১০। সহকারী ড্রাই ওয়াশিংম্যান/ সহকারী ড্রাই ওয়াশিং ওম্যান

১১। ওভারলক মেশিন সহকারী

১২। বাটন মেশিন সহকারী

১৩। কাঞ্চাই মেশিন সহকারী

১৪। ফিনিশিং সহকারী

**ট্রেইনী/শিক্ষানবীস** ঃ ট্রেইনী/শিক্ষানবীসগণ মাসে ১২০০.০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাঁহারা সংশ্লিষ্ট বিভাগে ৭নং গ্রেডে শ্রমিক হিসাবে নিযুক্ত হইবে।

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০% টাকা | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ্রেড-১ ঃ | ২৬০০.০০ | ৭৮০.০০ | ২০০.০০ | ৩৫৮০.০০ |
| ১। স্টোর কিপার | | | | |
| গ্রেড-২ ঃ | ২০০০.০০ | ৬০০.০০ | ২০০.০০ | ২৮০০.০০ |
| ১। হিসাব সহকারী | | | | |
| ২। স্টোর সহকারী | | | | |
| ৩। ক্যাশিয়ার | | | | |
| ৪। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী | | | | |
| ৫। কম্পিউটার অপারেটর | | | | |
| গ্রেড-৩ ঃ | ১৭৩০.০০ | ৫১৯.০০ | ২০০.০০ | ২৪৪৯.০০ |
| ১। টাইপিস্ট | | | | |
| ২। ক্লার্ক/অফিস সহকারী | | | | |
| ৩। টেলিফোন অপারেটর | | | | |
| ৪। টাইম কিপার | | | | |
| ৫। কেয়ার টেকার | | | | |
| ৬। সিকিউরিটি গার্ড | | | | |
| ৭। ড্রাইভার | | | | |
| ৮। ক্যাশ সহকারী | | | | |
| গ্রেড-৪ ঃ | ১২৭০.০০ | ৩৮১.০০ | ২০০.০০ | ১৮৫১.০০ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান/চেকার | | | | |
| ৩। কুক | | | | |
| ৪। সুইপার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার

উপ-সচিব (শ্রম)।

বিঃ দ্রঃ—এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ, ২০০৬ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ০১-০৬-২০০৬ ইং তারিখের শ্রকম/শা-৬/নিঃমঃ বোর্ড-১/২০০৬/৪৯ নং স্মারকমূলে গার্মেন্টস শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক ও কর্মচারীদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য ৩১ মে ২০০৬ তারিখে জারিকৃত এস, আর, ও নং ১০০-আইন/২০০৬/শ্রকম/শা-৬/নিঃমঃ বোর্ড-১/২০০৬ নং প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং কয়েকটি বিভিন্ন ধরণের গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া গার্মেন্টস শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং গার্মেন্টস শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় ও মালিকদের আয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রাপ্ত আপত্তি/প্রস্তাব বিবেচনা করিয়া বোর্ড সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী ও পদ বিন্যাসের আংশিক সংশোধন করিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ প্রস্তাব পেশ করিতেছে ঃ

(১) গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, (৪) গ্রেড-৪, (৫) গ্রেড-৫, (৬) গ্রেড-৬ ও (৭) গ্রেড-৭ এই ৭ (সাত) শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩ ও (৪) গ্রেড-৪ এই ৪ (চার) শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ 'ক' এ বলা হইয়াছে। উক্ত 'ক' পরিচ্ছেদে ট্রেইনী/শিক্ষানবিসদের জন্য প্রশিক্ষণ ভাতা উল্লেখ করা হইয়াছে।

(২) এই সুপারিশ ঘোষণার পর হইতে গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানের মালিক 'ক' পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী শ্লিপ অবশ্যই প্রদান করিবেন।

(৩) যদি কোন গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) 'ক' পরিচ্ছেদে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/ মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিকহারে মজুরী এবং অন্যান্য ভাতাদি প্রদান করিতে পারিবেন।

(৫) যদি কোন গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৬) 'ক' পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

(৭) 'ক' পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৮) 'ক' পরিচ্ছেদে উল্লেখিত শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগে বর্ণিত গ্রেড এবং কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগে বর্ণিত গ্রেডের সাথে স্ব স্ব শ্রমিকের এবং কর্মচারীর বর্তমানে স্থিরকৃত গ্রেডের নিম্নতম মজুরীর সাথে সমন্বয় করিয়া নির্ধারণ করা হইবে।

স্বাক্ষরিত/
**নাজমা আক্তার**
সংশ্লিষ্ট শিল্পের শ্রমিক পক্ষের সদস্য।

স্বাক্ষরিত/
**আনিসুল হক**
সংশ্লিষ্ট শিল্পের মালিক পক্ষের সদস্য।

স্বাক্ষরিত/
**মোঃ জাফরুল হাসান**
শ্রমিক পক্ষের স্থায়ী সদস্য।

স্বাক্ষরিত/
**কাজী সাইফুদ্দীন আহমদ**
মালিক পক্ষের স্থায়ী সদস্য।

স্বাক্ষরিত/
**অধ্যাপক ইকবাল আহমদ**
নিরপেক্ষ সদস্য।

স্বাক্ষরিত/
**আনোয়ারুল হক**
চেয়ারম্যান
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।